# ২০২৪

# বাংলা

## (অনার্স)

### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

### তৃতীয় সেমেস্টার

### কোর্স কোড : BNG-H-CC-T-5

### (কথাসাহিত্যের রূপভেদ ও বাংলা ছোটগল্প)

### [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'অনধিকার প্রবেশ' গল্পটি রচনার কারণ কী? একই প্রসঙ্গে রবীন্দ্রনাথ কোন্ প্রবন্ধ রচনা করেন?

খ) 'খোঁড়া, খোঁড়া সাপ - সাপ' বক্তা কে? তার প্রকৃত নাম কী?

গ) লম্বকর্ণ কী-কী খেয়ে ফেলেছিল?

ঘ) 'এমন তামাশা কেউ কখনো করেনি পুলিশের সঙ্গে' - কোন্ তামাশার কথা বলা হয়েছে?

(পরের পাতায়)

ঙ) 'অতিথি' গল্পে তারাপদর সঙ্গে প্রথম সাক্ষাতের সময় চারুর বয়সের কী নির্দেশিকা ছিল?

চ) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও একটি উদাহরণ দাও।

ছ) 'হারানের নাতজামাই' গল্পে ধ্রুবপদটি উল্লেখ করো। কার মুখে এই ধ্রুবপদটি কতবার উচ্চারিত হয়েছে?

জ) 'স্ত্রীর পত্র' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ঝ) প্রেমেন্দ্র মিত্র রচিত তোমার পাঠ্য গল্পটিতে কোন্ প্রখ্যাত মনস্তাত্ত্বিকের কোন্ তত্ত্বের কথা আছে?

ঞ) 'হারাণের নাতজামাই' গল্পে উল্লিখিত 'তেভাগা' শব্দটির তাৎপর্য লেখো।

ট) 'নিশীথে' গল্পটি কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়?

ঠ) চলিত রীতিতে লেখা রবীন্দ্রনাথের প্রথম গল্প কোন্‌টি? সেটি কী ধরনের গল্প?

ড) খোঁড়া শেখ কার সামনে কোন্ গানটি গেয়েছিল?

ঢ) 'তিনি আমার ছুটির দরখাস্ত মঞ্জুর করেছেন' - বক্তা কে? 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?

ণ) 'তাহার ব্যবহারে লজ্জার লক্ষণও লেশমাত্র দেখা গেল না।' - কার সম্পর্কে এবং কেন একথা বলা হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'দেবী' গল্পে 'ধর্মের সঙ্গে ধর্মতন্ত্রের' বিরোধে প্রাণের বিনাশ ঘটার সতর্ক উপদেশ মূর্ত হয়েছে - আলোচনা করো।



খ) অলৌকিক বিষয় নয়, 'দক্ষিণাচরণের মনোবিকার রয়েছে নিশীথে গল্পের কেন্দ্রে' - আলোচনা করো।

গ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'স্ত্রীর পত্র' গল্পটিকে কোন্ পর্বের অন্তর্ভুক্ত করা হয়? রবীন্দ্রনাথের ছোটগল্পের ক্ষেত্রে এই পর্বের বৈশিষ্ট্য লেখো।

ঘ) 'অতিথি' গল্পে রবীন্দ্রনাথের বালকমন ও বাউলমনের আভাস পাওয়া যায় - সংক্ষেপে আলোচনা করো।

ঙ) 'নারী ও নাগিনী' গল্পে খোঁড়া শেখ শেষপর্যন্ত বিবিকে ক্ষমা করে দিল কেন?

চ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারানের নাতজামাই' গল্পে ময়নার মা চরিত্রটির ভূমিকাটি পরিস্ফুট করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) "তাঁহার জীবন অভিজ্ঞতা যেমন বিচিত্রপথকাম্য, তাঁহার রূপায়ণ দক্ষতাও সেইরূপ বিস্ময়কর"। - 'বান' গল্পটি অবলম্বনে মন্তব্যটির সারবত্তা বিচার করো।

খ) 'স্ত্রীর পত্র' গল্পের মৃণাল চরিত্রের বিশিষ্টতার দিকগুলি পরিস্ফুট করো।

গ) 'নিশীথে' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

ঘ) মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।

---